৬। (ক) ‘‘শব্দালংকার শব্দ পরিবর্তন সইতে পারে না, অর্থালংকার পারে।’’ শব্দালংকার এবং অর্থালংকারের পক্ষে অন্ততঃ তিনটি করে উদাহরণ দিয়ে বক্তব্যটি প্রতিষ্ঠা করো। ১০

*অথবা*

(খ) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করে নীচের যে কোনো **দুই জোড়া** অলংকারের মধ্যে পার্থক্য দেখাও :

(১) অপহ্নুতি ও ভ্রান্তিমান

(২) সন্দেহ ও উৎপ্রেক্ষা

(৩) যমক ও শ্লেষ

☆ ☆ ☆





**3 (Sem–4) BEN M 1**

**2015**

BENGALI

( Major )

Paper : 4.1

*Full Marks* : 80

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

১। নির্দেশ অনুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) ‘অ’, ‘এ’, ‘উ’—এর মধ্যে কুঞ্চিত স্বরধ্বনি কোনটি?

(খ) ‘ড়’, ‘ট’, ‘ঙ’—এর মধ্যে তাড়িত ব্যঞ্জন কোনটি?

(গ) ‘‘শব্দালংকারে অর্থের দিকটা নিতান্তই গৌণ।’’ (ভুল না শুদ্ধ লেখো)

(ঘ) এক যতি থেকে পরবর্তী যতি পর্যন্ত চরণাংশকে কী বলে?

(ঙ) পরাগত সমীভবনের একটি উদাহরণ দাও।

(চ) মূলা > মুলো ; দেশী > দিশি ; মোজা > মুজো—এর মধ্যে কোনটি অন্যোন্য স্বরসঙ্গতির উদাহরণ?

(ছ) বয়ন > বোনা, বপন > বোনা—এটি সমধ্বনি না সমরূপ শব্দের উদাহরণ?

(জ) "বিরতি আহারে রাঙা বাস পরে যেমতি যোগিনী পারা।" এখানে কী অলংকার হয়েছে?

(ঝ) "বোশেখী দুপুরে দূরে বালুচরে কাঁপিছে ঝিঁঝির পাখা।" এখানে কী অলংকার হয়েছে?

(ঞ) '——' বাগ্‌যন্ত্রের স্বল্পতম প্রয়াসে উৎপন্ন ধ্বনি। (শূন্যস্থান পূর্ণ করো)

২। প্রশ্নানুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৫=১০

(ক) উদাহরণসহ পর্বাঙ্গের পরিচয় দাও।

(খ) উদাহরণসহ ছেকানুপ্রাস অলংকারের সংজ্ঞা লেখো।

(গ) ঘোষীভবনের দুটি উদাহরণ দাও।

(ঘ) বাংলায় ব্যবহৃত দুটি ফারসী শব্দের উদাহরণ দাও।

(ঙ) উদাহরণসহ স্বতোনাসিক্যীভবনের সংজ্ঞা লেখো।

৩। প্রশ্নানুযায়ী উত্তর দাও (যে কোনো **চারটি**) : ৫×৪=২০

(ক) ভৌগোলিক অবস্থান উল্লেখ করে রাঢ়ী উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলো লেখো।

(খ) অর্থসংকোচ প্রক্রিয়ায় কীভাবে শব্দার্থের পরিবর্তন হয় তা উদাহরণ দিয়ে বোঝাও।

(গ) কারণ নির্দেশসহ অলংকার নির্ণয় করো :

"মন-মাঝি তোর বইঠা নে রে
আমি তো আর বাইতে পারলাম না।"

(ঘ) কারণ নির্দেশসহ অলংকার নির্ণয় করো :

"কেতকী কেশরে কেশপাশ করো সুরভি"

(ঙ) ছন্দোলিপি প্রস্তুত করো :

"কাক কালো কোকিল কালো কালো ফিঙের কেশ,
তাহার অধিক কালো কন্যে তোমার চিকন কেশ।"

(চ) ছন্দোলিপি প্রস্তুত করো :

"দুয়ারে প্রস্তুত গাড়ি, বেলা দ্বিপ্রহর
হেমন্তের রৌদ্র ক্রমে হতেছে প্রখর।
জনশূন্য পল্লিপথে ধুলি উড়ে যায়
মধ্যাহ্ন বাতাসে।"

৪। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে বাংলা ভাষার উদ্ভব কীভাবে হয়েছিল তা যুক্তি দিয়ে বোঝাও।

(খ) বাংলা ভাষার শব্দভাণ্ডারে আগন্তুক শব্দের উৎস সম্পর্কে একটি আলোচনা প্রস্তুত করো।

(গ) মধ্য বাংলার স্থিতিকাল কতটুকু? এই পর্যায়ের অন্তর্গত বাংলা ভাষার আদি-মধ্য স্তরের লক্ষণগুলো উদাহরণসহ উল্লেখ করো।

(ঘ) সমীভবন কাকে বলে? সমীভবন কত প্রকার? সংজ্ঞাসহ প্রত্যেক প্রকারের উদাহরণ দাও।

৫। (ক) শ্বাসাঘাতপ্রধান ও ধ্বনিপ্রধান ছন্দের মধ্যে উদাহরণসহ একটি তুলনামূলক আলোচনা প্রস্তুত করো। ১০

*অথবা*

(খ) অক্ষরের শোষণশক্তি কাকে বলে তা উদাহরণ দিয়ে বোঝাও।